

বাংলাদেশ হাইকমিশন
কুয়ালালামপুর

নম্বরঃ ১৯.০১.৬০০১.০০১.৪৪.০০৩.১৪

তারিখঃ ২৪ মে ২০১৯

নোটিশ

পররাষ্ট্র মন্ত্রণালয় দেশ ও বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদেরকে অনলাইন কনসুলার ও কল্যাণ সার্ভিস প্রদানের জন্য “দূতাবাস” নামক মোবাইল এপ্লিকেশন চালু করেছে। এই মোবাইল এপ্লিকেশন ব্যবহার করে সেবা প্রার্থীরা কনসুলার সত্যায়নের জন্য তাদের প্রয়োজনীয় ডকুমেন্টস অনলাইনে পাঠাতে সমর্থ হবে। এছাড়াও এই এপ্লিকেশন এর মাধ্যমে সার্ভিস প্রদানের প্রক্রিয়া, ফিস্ এবং আবেদনকৃত সেবার আপডেট জানতে পারবে। তারা যে কোন জায়গায় থেকে কনসুলার এবং কল্যাণ সংশ্লিষ্ট সেবার জন্য আবেদন করতে পারবে। এই মোবাইল এপ্লিকেশনটি পর্যায়ক্রমে বর্তমানে প্রচলিত সীল-সাইন সত্যায়ন সিস্টেমকে ‘QR’ কোড দ্বারা প্রতিস্থাপন হবে।

০২। এই এপ্লিকেশনটি ইতোমধ্যে ‘Google Play Store’ এ বিদ্যমান আছে। এটি যে কোন এনড্রয়েট মোবাইল ফোন দ্বারা ডাউনলোড করা সম্ভব। প্রত্যেক আবেদনকারীকে এই অনলাইন সেবা পেতে হলে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। যদি এপ্লিকেশন ম্যানেজার কর্তৃক রেজিস্ট্রেশন অনুমোদিত হয় তাহলেই আবেদনকারী কনসুলার ও কল্যাণ সংশ্লিষ্ট সেবা অনলাইনে পাবেন।

০৩। আশা করা যাচ্ছে যে, আগামী একমাসের মধ্যেই অত্র হাইকমিশনে আনুষ্ঠানিকভাবে এই মোবাইল এপ্লিকেশন চালু হবে।



W. Alim

ওয়াহিদা আহমেদ
উপ-হাই কমিশনার
ও
দূতালয় প্রধান

বিতরণঃ

সংশ্লিষ্ট সকল বাংলাদেশী নাগরিক।